

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

সার্কুলার নং- ২১

তারিখঃ ১০/১০/২০১০ খ্রি

বিষয়ঃ সময়মত অফিসে উপস্থিত হৃওয়াসহ এজলাস সময়ের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে বিচার কার্য পরিচালনা সংক্রান্ত।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, নিম্ন আদালতের অনেক বিচারক সময়মত এজলাসে উঠেন না এবং নির্দিষ্ট সময়ের পূর্বেই এজলাস ত্যাগ করেন। এমনকি সুপ্রীম কোর্ট হতে ফোন করে অফিস চলাকালীন সময়ে অনেক বিচারককে পাওয়া যায় না। তাছাড়া সাংগৃহিক ছুটির আগের দিন অনেক বিচারক অফিস সময়ের পূর্বে বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করেন এবং অফিস খোলার দিনে বিলম্বে অফিসে হাজির হন যা অত্র কোর্টের গত ২৪.০৭.২০০০ খ্রি তারিখের ১৭ জি, ২৮.০৮.২০০০ খ্রি তারিখের ২৯ জি, ০৫.০৭.২০০৭ খ্রি তারিখের ৪এ, ১৮.০৬.২০০৮ খ্রি তারিখের ১০এ, ২০.১০.২০০৮ খ্রি তারিখের ১২এ, ২২.০২.২০১০ খ্রি তারিখের ১৮এ এবং ২৪.০২.২০১০ খ্রি তারিখের ২০এ নং সার্কুলার সমূহে প্রদত্ত নির্দেশনার লজ্জন।

এমতাবস্থায়, অত্র কোর্টের উল্লিখিত সার্কুলার সমূহের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতঃ বিচারকগণকে নির্দিষ্ট সময়ে এজলাসে উঠার, নির্দিষ্ট সময়ের পূর্বে এজলাস ত্যাগ না করার, সাংগৃহিক ছুটির আগের দিন অফিস সময়ের পূর্বে অফিস ত্যাগ না করার, অফিস খোলার দিন কর্মস্থলে যোগদানে বিলম্ব না করার, বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ ও কর্মস্থলের বাইরে অবস্থান না করার এবং এজলাস সময়ের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে মোকদ্দমা নিষ্পত্তির হার বৃদ্ধি করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হল।

আদেশক্রমে

স্বা/-

(মোঃ আশরাফুল ইসলাম)

রেজিস্ট্রার